যুগান্তর

22 APR 2003
পৃঃ ২

# ঢাবিতে নাইট শিফট বাতিলের দাবিতে ছাত্র জোটের কর্মসূচি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ গবেষণা ইন্সটিটিউট এবং তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে প্রস্তাবিত নাইট শিফট বাতিলের দাবিতে আগামী ২৪ এপ্রিল প্রগতিশীল ছাত্র জোট উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজকে স্মারকলিপি দেবে। একই দাবিতে ২৯ এপ্রিল ভাষা টিএসসি সড়ক দ্বীপে ছাত্র-শিক্ষক-অভিভাবক সমাবেশ করবে। গতকাল দুপুরে মধুর কেন্টিনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তারা এ কর্মসূচি ঘোষণা করে। এতে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ ছাত্রকেন্দ্রের সভাপতি রহমান মিজান। এ সময় ছাত্রমৈত্রীর সভাপতি সাব্বাহ আলী খান কলিন্স, ছাত্রফ্রন্টের সভাপতি রাশেকুজ্জামান লিপন প্রমুখ উপস্থিত ছিলেন।